গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক ফিডব্যাক কর্মশালার প্রতিবেদন :

প্রধান অতিথি : **এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সভাপতি : **মোঃ মাহবুবের রহমান**
যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ২৯ অক্টোবর ২০২৩।
সময় : বেলা ২.৩০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি প্রধান অতিথিকে তাঁর বক্তব্য প্রদানের আহ্বান জানান। প্রধান অতিথি সভায় "সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল" শীর্ষক একটি প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন যে, দুর্নীতিমুক্ত রাষ্ট্র গঠনে শুদ্ধাচারের গুরুত্ব অপরিসীম। তাই সকলেরই শুদ্ধাচারের চর্চা করা বঞ্ছনীয়। প্রবন্ধ উপস্থাপন ও বক্তব্য শেষে সভায় উপস্থিত সকলের নিকট শুদ্ধাচার চর্চা বিষয়ে মতামত/পরামর্শ আহ্বান করা হয়। সচিব মহোদয়ের পরামর্শ মোতাবেক অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) কর্মশালায় উপস্থিত ছিলেন। তিনি এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাসমূহ অনুসরণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা আনয়ণের পাশাপাশি সেবা সংক্রান্ত কার্যক্রমসমূহে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতঃপর প্রধান অতিথির নির্দেশনা মতে সভাপতি এ বিভাগের উপসচিব ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসান কে সভা পরিচালনার আহ্বান জানান।

০২. অতঃপর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাক্রমে নির্দেশনা দেয়া হয়, যা নিম্নরূপ :

**২.১ দপ্তর/সংস্থার নাম : সড়ক ও জনপথ অধিদপ্তর**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ২৬/০৭/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা আয়োজন করা হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ১৭/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত অংশীজন সভা হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৬০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | গত ৩১/০৭/২০২৩ তারিখে সংস্থার ওয়েবসাইটে ক্রয়-পরিকল্পনা প্রকাশ করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ২০% এর বিপরীতে ৭২.৪১% বাস্তবায়ন করা হয়েছে। পরিকল্পনা মোতাবেক ক্রয় কাজ সম্পন্নের নিমিত্ত দরপত্র আহ্বান করা হয়েছে ও আনুষ্ঠানিক কাজ চলছে। |

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৫% এর বিপরীতে ৭.৩০% বাস্তবায়ন করা হয়েছে। প্রান্তিকভিত্তিক বাজেট বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের ১৩৪টি PIC সভা আয়োজন করা হয়েছে। প্রমাণক হিসেবে কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১/০৮/২০২৩ তারিখে সমাপ্ত প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) সংস্থা প্রধানের নিকট হস্তান্তর করা হয়েছে। তবে যানবাহনসমূহ কোন প্রকল্পে হস্তান্তর করা হয়েছে তা জানানোর জন্য অনুরোধ করা হয়। |
| ৩.২ বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য চলমান কাজসমূহে Quality Assurance Plan অনুসরণের কার্যক্রম নিরীক্ষাকরণ | বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য চলমান কাজসমূহে Quality Assurance Plan অনুসরণের ৪টি কার্যক্রম নিরীক্ষা করা হয়েছে। |
| ৩.৩ প্রধান প্রকৌশলী/মনোনীত প্রতিনিধি কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কাজ অনলাইনে/ সরেজমিনে মনিটরিং | প্রথম প্রান্তিকে ২টি মনিটরিং করার জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও ৩টি উন্নয়নমূল কাজ মনিটরিং করা হয়েছে। |
| ৩.৪ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | গত ২৫/০৯/২০২৩ তারিখে ১টি গণশুনানী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। গণশুনানীতে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী কার্যকর ব্যবস্থা নেয়া হচ্ছে। |

**২.২ দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ২৬/০৭/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২২/০৯/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৬০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা নির্ধারিত ৩১/০৭/২০২৩ তারিখে সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ১০% এর বিপরীতে ১০% বাস্তবায়ন করা হয়েছে। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৫% এর বিপরীতে ৭.৩০% বাস্তবায়ন করা হয়েছে। |
| ৩.৩ ঢাকা ও চট্টগ্রাম মেট্রোসার্কেলগুলোতে বহিরাগতদের অপতৎপরতা রোধে অভিযান পরিচালনা | ঢাকা ও চট্টগ্রাম মেট্রোসার্কেলগুলোতে বহিরাগতদের অপতৎপরতা রোধে ১৩৪টি অভিযান পরিচালনা করে ১০,০০০/- টাকা জরিমানাসহ ৫৬ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়। |
| ৩.৪ বিআরটিএ'র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতামূলক সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ৫৬টি সেবা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। |
| ৩.৫ অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে অভিযান | জুলাই-সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত ২১টি অভিযান পরিচালনা করা হয়েছে। |
| ৩.৬ হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে অভিযান | জুলাই-সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত ৩৬টি অভিযান পরিচালনা করে ১৩টি মামলায় ২২,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। |

২.৩ দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ২৪/০৭/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২৬/০৯/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৩০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ২০/০৭/২০২৩ তারিখে বিআরটিসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ২৫% এর বিপরীতে ২৯.৮০% বাস্তবায়ন করা হয়েছে। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ২০% এর বিপরীতে ২০.৪৮% বাস্তবায়ন করা হয়েছে। |
| ৩.২ ভিজিলেন্স টিম কর্তৃক বিআরটিসি বাসে শুদ্ধাচার পর্যবেক্ষণ ও বাস্তবায়ন প্রতিবেদন | ভিজিলেন্স টিম কর্তৃক বিআরটিসি বাসে শুদ্ধাচার পর্যবেক্ষণ ও বাস্তবায়ন কার্যক্রমে ১০টি প্রতিবেদন পাওয়া গিয়েছে। |
| ৩.৩ কল্যাণ তহবিল হতে কর্মকর্তা/কর্মচারিদের আর্থিক সহযোগিতা প্রদান করা | কল্যাণ তহবিল হতে কর্মকর্তা/কর্মচারিদের ১৬ জনকে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে। |
| ৩.৫ অনলাইন সিপি ফান্ড ও গ্র্যাচুইটির অর্থ বিতরণ | অনলাইন সিপি ফান্ড ও গ্র্যাচুইটির অর্থ বিতরণ কার্যক্রমে ৪৯০ জন প্রদান করা হয়েছে। |
| ৩.৬ অডিট আপত্তির জবাব প্রস্তুত করণ | ৩৫টি অডিট আপত্তির জবাব প্রস্তুত করা হয়েছে। |

২.৪ দপ্তর/সংস্থার নাম : ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ১৭/০৭/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২৫/০৯/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৫১ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ২৫/০৯/২০২৩ তারিখে নিরাপদ খাবার পানির ব্যবস্থা (২টি পানির ফিল্টার স্থাপন) করা হয়েছে। কার্যক্রম অনুযায়ী বছরের অবশিষ্ট প্রান্তিকে আরো উত্তম কাজ করা দরকার। এমনভাবে কাজ করতে হবে যাতে টেকসই হয়। |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ৩০/০৭/২০২৩ তারিখে সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ৫% এর বিপরীতে ১০% বাস্তবায়ন করা হয়েছে। |

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ২.৩ বাজেট বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা ৫% এর বিপরীতে ৩৭% বাস্তবায়ন করা হয়েছে। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী ১টি PIC সভা করা হয়েছে। |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | লক্ষ্যমাত্রা ৩১/০৮/২০২৩ থাকলেও এ সময়ে কোনো প্রকল্প সমাপ্ত না হওয়ায় প্রথম প্রান্তিকে কোনো যানবাহন, কম্পিউটার বা আসবাবপত্র হস্তান্তর করা যায়নি। |
| ৩.২ ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত পরিদর্শন | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ১টি পরিদর্শন করা হয়েছে। |

**২.৫ দপ্তর/সংস্থার নাম : ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল)**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ২৬/০৭/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২৬/০৯/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম ২৯/০৯/২০২৩ তারিখে পরিচালনা করা হয়েছে। |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ৩১/০৭/২০২৩ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ৭% এর বিপরীতে ৭% বাস্তবায়ন করা হয়েছে। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা ৭% এর বিপরীতে ৪.৪৪% বাস্তবায়ন করা হয়েছে। উল্লেখ্য বরাদ্দ বিলম্বে প্রাপ্তিতে অর্জন কম হয়েছে। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪টি PIC সভা আয়োজন করা হয়েছে। |
| ৩.৩ ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩টি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |

**২.৬ দপ্তর/সংস্থার নাম : ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ১৭/০৭/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা আয়োজন করা হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২৬/০৯/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |

| | |
|---|---|
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | নিরাপদ পানি নিশ্চিতকরণ ১৯/০৯/২০২৩ তারিখে সম্পন্ন করা করা হয়েছে। |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ৩০/০৭/২০২৩ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ২০% এর বিপরীতে ২০% বাস্তবায়ন করা হয়েছে। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা ২০% এর বিপরীতে ২০% বাস্তবায়ন করা হয়েছে। |
| ৩.৪ বিআরটি প্রজেক্টের মাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ | ৩টি মাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |

৩.০ ফিডব্যাক কর্মশালায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ এবং তা বাস্তবায়ন করতে হবে। কার্যক্রমের গুরুত্ব বিবেচনায় পৃথক পৃথক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, বিআরটিএ<br>২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর<br>৩। চেয়ারম্যান, বিআরটিসি<br>৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br>৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল<br>৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| ২. | NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ৩ [শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম] এর জন্য ফলাফলভিত্তিক কার্যক্রম গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে এবং প্রমাণক দাখিলের সময় গৃহিত কার্যক্রমের ফলে কি কি শুদ্ধাচার চর্চা প্রতিষ্ঠিত হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা থাকতে হবে। | |
| ৩. | NIS Software-এ প্রমাণক দাখিলের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করে প্রমাণক আপলোড করতে হবে। | |
| ৪. | সার্বিকভাবে দপ্তর/সংস্থার সকল স্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে জবাবদিহিমূলক সমাজ বিনির্মাণের জন্য দৃঢ় প্রতিজ্ঞ থাকবো। | |
| ৫. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ২৬/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক সভায় উল্লেখ করা হয় যে, সমাপ্ত কোন প্রকল্প হতে নতুন অন্য কোনো প্রকল্পে যানবাহন হস্তান্তর করার জন্য এই বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্বানুমতি নেয়ার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া কম্পিউটার/যন্ত্রপাতি/সরঞ্জামাদি, আসবাবপত্র ইত্যাদি নিজ সংস্থা প্রধানের নিকট হস্তান্তর করতে হবে। প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। প্রকল্পের সম্পদ যাতে কোনোভাবে বিনষ্ট না হয় এবং কোন ধরণের অপব্যবহার না হয় সেটা নিশ্চিত করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর<br>২। নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br>৩। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |

৪.০ আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় প্রধান অতিথির অনুমতিক্রমে উপস্থিত সকলকে ধনবাদ জ্ঞাপন করে ফিডব্যাক কর্মশালার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/
১/১১/২৩
(মোঃ মাহবুবের রহমান)
যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১২.২৩-১৬৪ | তারিখ : ১৬ কার্তিক, ১৪৩০ / ০১ নভেম্বর, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‌্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

১/১১/২৩

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd